

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৫৩/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩০ অক্টোবর, সোমবার ২০২৩, ১৪ কার্তিক ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে প্রধানমন্ত্রী; জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়
- ০২। হরতালের প্রতিবাদে ময়মনসিংহে আওয়ামী লীগের শান্তি সমাবেশ
- ০৩। হরতালে দূরপাল্লার যানবাহন বন্ধ- রেল সার্ভিস চলেছে

০১। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে প্রধানমন্ত্রী; জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্ঞান বিজ্ঞানে সমৃদ্ধ বাংলাদেশ গড়ি তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন। রবিবার (২৯ অক্টোবর) সকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সম্মানসূচক 'ডক্টর অব ল'জ' ডিগ্রী (মরণোত্তর) প্রদানের জন্য আয়োজিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে বক্তৃতাকালে এ কথা বলেন তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্র মাঠে এই 'বিশেষ সমাবর্তন ২০২৩' অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের আমি একটা কথাই বলতে চাই যে, আমরা আমাদের দেশকে সারা বিশ্বের মধ্যে জ্ঞান-বিজ্ঞানে উন্নত দেশ হিসেবে গড়ি তুলতে চাই'। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও আজকের বাংলাদেশ।

০২। হরতালের প্রতিবাদে ময়মনসিংহে আওয়ামী লীগের শান্তি সমাবেশ

হরতালে জনগণের জানমাল ও সার্বিক নিরাপত্তার স্বার্থে আওয়ামীলীগ কেন্দ্রীয় কমিটির অংশ হিসেবে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগের উদ্যোগে রবিবার (২৯ অক্টোবর) সকালে নগরীর শিববাড়িস্থ আওয়ামীলীগ দলীয় কার্যালয়ে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মহানগর আওয়ামী লীগের সভাপতি ও সিটি মেয়র মোঃ ইকরামুল হক টিটুর সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়। এদিন সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার উদ্যোগে নগরীর টাউন হল সংলগ্ন ভাষা সৈনিক শামসুল হক মঞ্চে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। হরতালে দুরপাল্লার যানবাহন বন্ধ- রেল সার্ভিস চলেছে

ময়মনসিংহে হরতালের দিন জেলার সড়ক মহাসড়কগুলোতে বাস চলাচল বহুলাংশে বন্ধ ছিলো। তবে সরকারি বিআরটিসি'র বাস সার্ভিস চালু ছিলো। নগরীর বাসস্ট্যান্ডগুলো থেকে বিভিন্ন জেলার কিছু বাস ছেড়ে যেতে দেখা গেছে। সড়কগুলোতে থ্রি হইলার চলাচল ছিলো স্বাভাবিক। এছাড়া ট্রেন চলাচল ছিলো স্বাভাবিক। নগরীর অনেক দোকানপাট বন্ধ থাকলেও কিছু দোকানপাট খোলা রেখেছিলো দোকানিরা। নগরীর মোড়ে মোড়ে পুলিশ মোতায়ন করা হয়। পাশাপাশি র্যাবের টহলও জোরদার করা হয় এদিন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **আজকের বাংলাদেশ:** ইলিশের নিরাপদ প্রজননের লক্ষ্যে সরকার ঘোষিত ১২ই অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত 'ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩' প্রকল্প ঘোষণা করেছে। কিন্তু নিষেধাজ্ঞা উপেক্ষা করে চলছে অবাধে মা ইলিশ শিকার। রাষ্ট্রের এবং রাষ্ট্রের জনগণের উন্নয়নের স্বার্থে মা ইলিশ রক্ষা করতে হবে যে কোনো মূল্যে।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** বঙ্গবন্ধু টানেল উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের ইতিহাসে প্রথমবারের মতো নদীর তলদেশে নির্মিত সড়ক যোগাযোগ ব্যবস্থা এটি। প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক ১০ মেগা প্রকল্পের একটি হিসেবে বঙ্গবন্ধু টানেল দেশের সার্বিক অর্থনীতি ও প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।
- (গ) **দৈনিক স্বজন:** যে কোন রাষ্ট্রের অর্থের আন্তর্জাতিক মূল্য নির্ধারিত হয় তার যোগান এবং চাহিদার উপর নির্ভর করে। টাকার মান কমে যাওয়ায় ভোক্তাদের ক্ষমতা কমেছে। বাড়ছে পণ্যের দাম। সবমিলিয়ে অর্থনীতিতে দেখা দিয়েছে অস্থিরতা। মুদ্রাস্ফীতির সময় সরকারকে আমদানি শুল্ক কমতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ভূমিকম্প সম্পর্কে আপনি কতটুকু সচেতন-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সূত্র: দৈনিক স্বজন।
- ০২। দায়িত্বগুলো সঠিকভাবে পালন করাই এবাদত-রাজু আহমেদ। সূত্র: দৈনিক নিউ টাইমস।
- ০৩। প্রবাসীদের স্বপ্ন আর বাস্তবতা-শ্রীধর দত্ত। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।